

## সিলেট ও কুমিল্লা শিক্ষা বোর্ডে নতুন চেয়ারম্যান

■ সমকাল প্রতিবেদক  
সিলেট ও কুমিল্লা শিক্ষা বোর্ডের  
নতুন চেয়ারম্যান পদে প্রেষণে  
নিয়োগ পেয়েছেন বিসিএস  
সাধারণ শিক্ষা ক্যাডারের দুই  
অধ্যাপক। গতকাল শিক্ষা  
মন্ত্রণালয় থেকে জারি করা  
পৃথক প্রজ্ঞাপনে তাদের নিয়োগ  
দেওয়া হয়। এ দুটি বোর্ডের  
চেয়ারম্যান এলপিআরে  
যাওয়ায় পদ দুটি শূন্য ছিল।  
সিলেট শিক্ষা বোর্ডের নতুন  
চেয়ারম্যান হিসেবে নিয়োগ  
পেয়েছেন সিলেট এমসি  
কলেজের উপাধ্যক্ষ মো.  
আবদুল কুদ্দুছ। তিনি সাবেক  
চেয়ারম্যান অধ্যাপক একেএম  
গোলাম কিবরিয়া ভাপাদারের  
হুলাভিষিক্ত হলেন।  
কুমিল্লা শিক্ষা বোর্ডের নতুন  
চেয়ারম্যান হিসেবে নিয়োগ  
পেয়েছেন কুমিল্লা সরকারি  
মহিলা কলেজের অধ্যক্ষ মো.  
রুহুল আমিন ভূঁইয়া। তিনি  
অধ্যাপক আবদুল খালেকের  
হুলাভিষিক্ত হলেন। চেয়ারম্যান  
না থাকায় এ দুটি বোর্ডের  
সচিবরা ভারপ্রাপ্ত  
চেয়ারম্যানের দায়িত্ব পালন  
করছিলেন। শিক্ষা মন্ত্রণালয়ের  
সিনিয়র সহকারী সচিব  
ফাতেমা তুল জামাত স্বাক্ষরিত  
আদেশে বলা হয়, নিয়োগকৃত  
চেয়ারম্যানরা নিজ নিজ  
বেতনক্রম অনুযায়ী বেতনভাতা  
পাবেন। তারা পদ সংশ্লিষ্ট অন্য  
ভাতাদি পাবেন।